দৈনিক বাংলা

5
026

তারিখ ... ২১।১২।৭৯
পৃষ্ঠা ... ১ কলাম ... 5

# উত্তরাঞ্চলে খাল খননের ওপর জোরদানের নির্দেশ

বৃহস্পতিবার সকালে বঙ্গভবনে প্রেসিডেন্ট জিয়াউর রহমানের সভাপতিত্বে জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারদের এক বৈঠক অনুষ্ঠিত হয়।

বাসসর খবরে প্রকাশ, বৈঠকে কয়েকজন মন্ত্রী, প্রতিমন্ত্রী ও কয়েকজন পদস্থ কর্মকর্তা উপস্থিত ছিলেন।

দীর্ঘ দু'ঘন্টাব্যাপী এ বৈঠকে দেশব্যাপী খাল খনন কাজের অগ্রগতি পর্যালোচনা করা হয়।

গত শুকনো মওসুমে খরায় ক্ষতিগ্রস্ত উত্তরাঞ্চলে বিশেষ গুরুত্বসহকারে খাল খননসহ এই কর্মসূচীকে সফল করার প্রয়োজনীয়তার ওপর প্রেসিডেন্ট জোর দেন।